

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
সাতক্ষীরা।  
www.food.satkhira.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা সাতক্ষীরা জেলার সকল রাইচ মিল/পাইকারী খাদ্যশস্য লাইসেন্স/আমদানীকারক লাইসেন্স/খাদ্যবান্ধব লাইসেন্স/ওএমএস লাইসেন্স ও অন্যান্য লাইসেন্স মালিকগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২০২৩-২৪ অর্থ বছরের জন্য লাইসেন্স নবায়নের শেষ তারিখ ৩০/০৬/২০২৩ খ্রি। লাইসেন্স নবায়নের নিমিত্তে অত্র দপ্তর হতে নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক আবেদন পত্র আগামী ২০/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা দিতে হবে। মিলের কার্যক্রম সন্তোষজনক হলে জেলা খাদ্য নিয়ন্ত্রক হতে নবায়ন ফি বাবদ টাকা জমা দেয়ার জন্য চালান পাশ করা হবে।

প্রকাশ থাকে যে, যে সমস্ত মালিকের ফটো নেই সেই সকল মিলার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক তাদের ফটো সত্যায়ন পূর্বক উহা লাইসেন্সের সাথে সংযুক্ত করতে হবে। কাটা ছেড়া লাইসেন্স কোনক্রমেই নবায়ন করা যাবে না। সেক্ষেত্রে ডুপ্লিকেট লাইসেন্স করতে হবে।

মিলের লাইসেন্স এর ক্ষেত্রে আবেদন পত্রের সাথে বিদ্যুৎ বিলের হালনাগাদ পরিশোধের কপি এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের কপির মেয়াদ না থাকলে মেয়াদ বাড়াতে হবে এবং তার ফটোকপি জমা দিতে হবে।

৩০/০৬/২০২৩ খ্রি. তারিখের পর আর কোন লাইসেন্স নবায়ন করা হবে না এবং লাইসেন্স বাতিল বলে গণ্য হবে।




জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভাঃপ্রাঃ)  
সাতক্ষীরা।

তারিখ-০৩/০৫/২০২৩ খ্রিঃ

স্মারক নং-১৩.০৫.৮৭০০.০০২.১৩.০০৫.২৩-৬৮৩

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাতক্ষীরা সদর/কলারোয়া/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর/আশাশুনি/তালা, সাতক্ষীরা। তাহার আওতাধীন সকল লাইসেন্সধারী মালিকগণকে নির্ধারিত সময়ের মধ্যে নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
- ২। সভাপতি, জেলা রাইচ মিল মালিক সমিতি, সাতক্ষীরা।
- ৩। সংশ্লিষ্ট লাইসেন্স মালিক.....
- ৪। মাষ্টার ফাইল।

  
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভাঃপ্রাঃ)  
সাতক্ষীরা।